মডিউল - ৫

<u>বিষয়ঃ অক্ষরবৃত্ত ছন্দের সংজ্ঞা ও বৈশিষ্ট্যঃ-</u>

মিলন মণ্ডল

সহকারী অধ্যাপক,বাংলা বিভাগ

এস.আর.ফতেপুরিয়া কলেজ,বেলডাঙ্গা।

# <u>অক্ষরবৃত্ত ছন্দঃ</u>- চরণের শুরু থেকে শেষ পর্যন্ত একটানা সুর বা 'তান'-যুক্ত , ধীর লয়-আশ্রীত ,শোষণ – শক্তি সমন্বিত , ৮ বা ১০ মাত্রার পূর্ণ পর্বে গঠিত , সনাতন বাংলা রীতির যে-ছন্দে একক ও শব্দান্তস্থিত রুদ্ধ অক্ষরই দু-মাত্রার, তাকে বলে 'অক্ষরবৃত্ত' বা 'তান প্রধান' বা 'মিশ্রকলাবৃত্ত' ছন্দ ।

# বৈশিষ্ট্যঃ – (১) অক্ষরবৃত্ত বা তান প্রধান ছন্দের একটি প্রধান লক্ষণ , এর প্রতি চরণে , আরম্ভ থেকে শেষ পর্যন্ত , এক ধরনের সুর বা 'তান' স্পষ্ট অনুভূত হয় ।

(২) অক্ষরবৃত্ত বা জটিল কলামাত্রিক ছন্দের দ্বিতীয় বৈশিষ্ট্য, এর লয় ধীর ।

(৩) অক্ষরবৃত্ত বা বিশিষ্ট কলামাত্রিক ছন্দের তৃতীয় লক্ষণ তার বিশিষ্ট মাত্রা গণনা পদ্ধতি ।

(৪) অক্ষরবৃত্তের চতুর্থ লক্ষণ , এর পূর্ণ পর্ব ৮ বা ১০ মাত্রার।

(৫) অক্ষরবৃত্তের পঞ্চম বৈশিষ্ট্য , এর অসাধারন শোষণ শক্তি ।

(৬) অক্ষরবৃত্ত ছন্দ গদ্যের মতো সরল ।

অক্ষরবৃত্ত ছন্দের উদাহরনঃ- পড়েছে তোমার পরে / প্রদীপ্ত বাসনা ।। ৮+৬

অর্ধেক মানবী তুমি, / অর্ধেক কল্পনা ।। ৮+৬

# সম্ভাব্য প্রশ্নঃ- (১)অক্ষরবৃত্ত ছন্দ বলতে কি বোঝ ? অক্ষরবৃত্ত ছন্দের উদাহরণ সহ বৈশিষ্ট্য আলোচনা করো ।

(২)তান-প্রধান বা পয়ারজাতীয় ছন্দ বলতে কি বোঝ? উদাহরণ সহ বুঝিয়ে দাও।

# সহায়ক গ্রন্থঃ- (১) বাঙলা ছন্দ-জীবেন্দ্র সিংহরায় ।

(২) বাংলা ছন্দঃ রূপ ও রীতি ।